# ভোরের কাগজ

তারিখ 26 FEB 1998
পৃষ্ঠা ৬ কলাম ৭

## শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ

বর্তমানে কুমিল্লা শিক্ষা বোর্ডের আওতাধীন কলেজসমূহে ১৯৯৮ সালে অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক পরীক্ষার এন্ট্রি ফরম পূরণের কাজ চলছে। এ বছর যারা নিয়মিত পরীক্ষার্থী তাদের, রেজিস্ট্রেশনে শিক্ষাবর্ষের মেয়াদ হবে ১৯৯৬-১৯৯৭, কিন্তু কম্পিউটার কেন্দ্র কর্তৃক প্রেরিত প্রিন্ট আউটে (যার ভিত্তিতে এন্ট্রি ফরম পূরণের নির্দেশ দেওয়া আছে) নিয়মিত পরীক্ষার্থীদের যে তালিকা আছে তাতে প্রত্যেক ছাত্রছাত্রীর শিক্ষাবর্ষের মেয়াদ দেখানো হলো ৯৫-৯৬। এতে বোঝা যাচ্ছে এরা সবাই অনিয়মিত। কম্পিউটার কেন্দ্রের এ ভুলের মাশুল দেবে কে? গত বছরও কম্পিউটার কেন্দ্র তাদের প্রিন্ট আউটে ১৯৯৬ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে একাধিক বছরের জন্য বহিষ্কৃত পরীক্ষার্থীদের ১৯৯৭ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার জন্য যোগ্য দেখিয়ে যে ভুল করেছে তার খেসারত আজ প্রায় অর্ধশতের মতো কলেজের অধ্যক্ষদের দিতে হচ্ছে। নভেম্বর/৯৭ থেকে তাদের সরকারি বেতনের অংশ বন্ধ। তাদের চাকরি থেকে বরখাস্ত করার প্রক্রিয়া চলছে। দুর্নীতি দমন সংস্থার মাধ্যমে মামলা হচ্ছে। তাই আমি এ ব্যাপারে মাননীয় শিক্ষামন্ত্রীর জরুরি দৃষ্টি আকর্ষণ করছি।

মোঃ আফতাব হোসেন সিদ্দিকী
সহকারী অধ্যাপক
হিসাব বিজ্ঞান বিভাগ,
সোনাপুর কলেজ, নোয়াখালী।